

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রকল্প পরিচালকের কার্যালয়
 সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প
 ভূমি মন্ত্রণালয়
 ৩/এ, নীলক্ষেত্র বাবুপুরা, ঢাকা-১২০৫।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৯০.১১.০১১.১৭-১১৫;

তা-১৬/০৮/২০১৭ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন “সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প”-র নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নে বর্ণিত পদ অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ উল্লেখ করা হলঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	মনিটরিং অফিসার	০১	গ্রেড-৯	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
০২।	হিসাব সহকারী	০১	গ্রেড-১৬	১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। ২) গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২	গ্রেড-১৬	১) দ্বিতীয় বিভাগে এইচ এস সি। ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে ০২ বছরের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। ২) গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলীঃ

১। প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ০৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ গ্রেড, উত্তীর্ণ হওয়ার বছর), অভিজ্ঞতার বিবরণ(যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক ”প্রকল্প পরিচালক, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প”, ৩/এ, নীলক্ষেত্র বাবুপুরা (৬ষ্ঠ তলা), ঢাকা-১২০৫ বরাবর আবেদন পত্র রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, হাতে হাতে অথবা সরাসরি কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

২। ০৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে প্রার্থীর বয়স ২২-৩০ বৎসরের মধ্যে হতে হবে। শারীরিক প্রতিবন্ধী এবং প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট ”প্রকল্প পরিচালক, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প” আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

৪। দাখিলকৃত সকল সনদ/কাগজপত্রের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে।

৫। প্রার্থীকে অবশ্যই আবেদন পত্রের সাথে নিম্নোক্ত সার্টিফিকেট ও কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবেঃ

ক. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

খ. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি;

গ. প্রার্থীর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়ার/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং ১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ;

ঘ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

ঙ. উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান/ জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশায়িত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। প্রার্থীকে লিখিত, মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে গতি পরিক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা দেয়া হবে না।

d/m

৮। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৯। আবেদন পত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ ০৭ সেপ্টেম্বর, ২০১৭। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

 ২৫.০৮.২০১৭
প্রকল্প পরিচালক

সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প

ভূমি মন্ত্রণালয়

৩/এ, নীলক্ষেত্র বাবুপুরা (৬ষ্ঠ তলা), ঢাকা-১২০৫।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। অতিথি সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয় মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।

০৩। প্রেসামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। ম্যানেজার(বিজ্ঞাপন), The New Age/ দৈনিক সকালের খবর, ঢাকা (বিজ্ঞাপনটি তার পত্রিকায় দুই ইঞ্জিনিয়ারিং কলামে ১৮/০৮/২০১৭ তারিখের মধ্যে প্রকাশের অনুরোধসহ)।